

# নিউজলেটার

## এই সংস্করণে যা আছে


HEROES কি?

HEROES-এর প্রথম প্রচারমূলক ভিডিও

বিগত মাসগুলোতে কি কি ঘটেছে?

রেড হার্ট ক্যাম্পেইন

আসন্ন ঘটনাবলী


## যোগাযোগ


heroes@ucm.es

@heroes_fct

https://linkedin.com/in/heroes-fct

https://www.youtube.com/@heroes_fct


HEROES

# HEROES

## Novel Strategies to FigHt Child Sexual Exploitation and Human TRafficking Crimes and PrOtect thEir VictimS

শিশু সহ একটি বড় সংখ্যক মানুষ মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণের (CSA/CSE) শিকার হচ্ছে যা আন্তর্জাতিক সচেতনতা এবং সাহায্য বৃদ্ধি সত্ত্বেও বৃদ্ধি পাচ্ছে। ইউরোপে, যৌন শোষিত নারী ও মেয়েরা মানব পাচারের শিকারের দিক দিয়েও সংখ্যাগরিষ্ঠ। অধিকন্তু, ভিকটিমদের সহায়তা প্রায়ই স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয়ের অভাবে সীমিত হয়। এই প্রেক্ষাপটে, ইউরোপীয় ইউনিয়ন (EU)-এর অর্থায়নে পরিচালিত HEROES-প্রকল্পটি শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) এবং মানব পাচার প্রতিরোধ ও মোকাবেলা করতে, অপরাধ তদন্ত করতে এবং ক্ষতিগ্রস্তদের আরও ভালভাবে সুরক্ষা দিতে সর্বশেষ প্রযুক্তিগত অগ্রগতি এবং নতুন কৌশলগুলিকে কীভাবে ব্যবহার করা যায় তা অনুসন্ধান করছে। এটি একটি উচ্চাভিলাষী, আন্তঃবিভাগীয়, আন্তর্জাতিক এবং ভিকটিম-কেন্দ্রিক বিভিন্ন পদ্ধতির বিকাশ করছে। এর লক্ষ্য হল- আইন প্রয়োগকারী সংস্থাগুলির সাথে একটি সমন্বিত অবদান প্রতিষ্ঠা করা যাতে ভিকটিমদের সুনির্দিষ্ট চাহিদাগুলি মোকাবেলা করা যায় এবং তাদের সুরক্ষা প্রদান করা যায়।




এই প্রকল্পটি অনুদান চুক্তি নং ১০১০২১৮০১ এর অধীনে ইউরোপীয় ইউনিয়নের Horizon-২০২০ গবেষণা এবং উদ্ভাবন প্রোগ্রাম থেকে অর্থায়ন পেয়েছে।

আরো তথ্য জানতে



# HEROES কি?

**HEROES প্রকল্পের কৌশল এবং সমাধানগুলি মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে লড়াই করার জন্য তিনটি মৌলিক স্তম্ভের উপর ফোকাস করে**

- **প্রতিরোধ:** HEROES প্রযুক্তি এবং সামাজিক কর্মের মিশ্র পদ্ধতির মাধ্যমে প্রতিরোধকে গুরুত্ব দিচ্ছে। এই লক্ষ্যে, HEROES বিনামূল্যে ব্যাবহারের জন্য ওপেন সোর্স অ্যাপ্লিকেশনগুলি তৈরি করবে যা মানব পাচার (THB)-এর শিকার হওয়ার ঝুঁকি কমাতে সাহায্য করবে এবং সামাজিক নেটওয়ার্কগুলির মাধ্যমে শিশুরা যে যোগাযোগ করে তার নিরাপত্তা বৃদ্ধি করবে।
- **তদন্ত:** প্রকল্প প্রযুক্তিগত টুলস/সরঞ্জামগুলি তৈরি করছে যা আইন প্রয়োগকারী সংস্থা (LEA)-গুলোর সবচেয়ে গুরুত্বপূর্ণ চাহিদাগুলিকে পুরন করে: যেমন, মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) সংক্রান্ত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ের জন্য অনন্য প্রযুক্তিগত, নৈতিক এবং আইনি চ্যালেঞ্জগুলি বিবেচনা করে ডেটা সংগ্রহ এবং বিশ্লেষণ করা।
- **ভিকটিমকে সহায়তা:** প্রতিরোধের উপর ফোকাস এবং আরও কার্যকর তদন্তের জন্য প্রযুক্তিগত সরঞ্জামগুলির বিকাশের মাধ্যমে, HEROES প্রকল্প চারটি প্রধান স্তরে ভিকটিমদের সহায়তাকে ইতিবাচকভাবে প্রভাবিত করবে: যেমন, পুনরায় ভিকটিম হওয়া হ্রাস করা, বিশেষ প্রশিক্ষণ এবং ভিকটিমকে সহায়তা, সহায়তার কৌশলগুলিকে ফোকাস করা এবং ভিকটিমদের সহায়তায় আরও ভাল পদ্ধতি এবং এর ফলাফল প্রচার করা।

## "SU- FCT01- 2018-2019-2020" কলের চ্যালেঞ্জ মোকাবেলায় HEROES প্রাসঙ্গিক অবদান বিকাশ করবে

মানব পাচার (THB), শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এর বিরুদ্ধে লড়াই করার জন্য প্রস্তাবিত স্তম্ভ তিনটি সামাজিক, নৈতিক, আইনি এবং বৈজ্ঞানিক বিষয়গুলিকে একত্রিত করে সমাধান প্রদানের জন্য সমস্ত প্রচেষ্টাকে কেন্দ্রীভূত করছে। এই প্রচেষ্টাগুলি ভিকটিম এবং তাদের পরিবেশকে সহায়তা করার লক্ষ্যে গৃহীত, কিন্তু একই সাথে অপরাধী এবং অন্তর্নিহিত সমস্যাগুলিকে উদ্দেশ্য করে নির্দিষ্ট গবেষণার সাথেও সম্পর্কিত। ইউরোপীয় ইউনিয়নের নির্দেশিকা মেনে চলা পদ্ধতিগত, কৌশলগত এবং প্রযুক্তিগত সরঞ্জামগুলির সমন্বয়ে করা সেট থেকে আইন প্রয়োগকারী সংস্থা (LEA), মাল্টি-স্টেকহোল্ডার এবং সমাজ উপকৃত হবে, যা কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণের উপাদান (CSAM/CSEM) সংক্রান্ত অপরাধের শিকার ভিকটিমের বিবৃতি গ্রহণের জন্য ভাল অনুশীলন এবং সমর্থন প্যাটার্ন এর স্বীকৃতি প্রদান করে।



# HEROES-এর প্রথম প্রচারমূলক ভিডিও

মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) হল জঘন্য অপরাধ যা আমাদের সমাজের জন্য হুমকিস্বরূপ। HEROES প্রকল্পটি প্রতিরোধ, তদন্ত এবং ভিকটিম সহায়তার উপর ভিত্তি করে এই হুমকিগুলির জন্য একটি ত্রিমুখী পদ্ধতির প্রস্তাব করে। আমরা বিশ্বাস করি, সামাজিক বিজ্ঞান এবং মানবিক (SSH) বিষয়ের সাথে প্রযুক্তির সংমিশ্রণে প্রাপ্ত বিস্তৃত সমাধান মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এর বিরুদ্ধে লড়াইয়ে প্রধান ভূমিকা পালনকারীদের সমস্ত চাহিদা পূরণ করবে।

HEROES শিশু যৌন নির্যাতন বা শোষণের উপাদান (CSAM/CSEM)-এর স্বয়ংক্রিয় শনাক্তকরণ ও শ্রেণীবিভাগের জন্য টুলস, একটি মোবাইল অ্যান্টি-গ্রুমিং অ্যাপ যা সম্ভাব্য গ্রুমিং প্রচেষ্টা শনাক্ত করে, ডার্ক ওয়েবে শিশু যৌন নির্যাতন বা শোষণের উপাদান (CSAM/CSEM) শনাক্ত ও ট্রেস করার জন্য নতুন ওপেন সোর্স বুদ্ধিমত্তা (OSINT) সংক্রান্ত টুল, জাল চাকরির অফার শনাক্তকারী কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) মডেল এবং একটি ফাইল জব্দ করা ডিভাইসের জন্য প্রাসঙ্গিক বিশ্লেষণ টুল সরবরাহ করবে।

সামাজিক বিজ্ঞান এবং মানবিক (SSH) বিষয়ের পরিপ্রেক্ষিতে, প্রকল্পটি সংশ্লিষ্ট আইনি কাঠামোর সমন্বয়ের জন্য সুপারিশগুলির সাথে অবদান রাখার প্রত্যাশা করে, এই ধরনের অপরাধের মধ্যে উদ্ভূত হতে পারে এমন মানসিক, সামাজিক এবং অর্থনৈতিক কারণগুলির উপর একটি গবেষণা, সম্ভাব্য শিকারদের শিক্ষিত করার লক্ষ্যে একটি অবিচ্ছেদ্য প্রতিরোধ কর্মসূচি, এবং অবশেষে, প্রকল্পটি মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এ আক্রান্তদের জন্য চিকিত্সার বাধাগুলি বিশ্লেষণ করছে তদন্তের সময় এবং আদালতে সাক্ষ্য দেওয়ার সময় তাদের পুনরায় শিকার এড়াতে নির্দেশিকা প্রস্তাব করছে।



# প্রকল্পের অগ্রগতি

## মানব পাচার, শিশু যৌন নির্যাতন এবং শিশু যৌন শোষণের সম্ভাব্য ভিকটিমদের প্রাথমিক সনাক্তকরণের জন্য ম্যানুয়াল




ম্যানুয়ালটি প্রকল্পের অংশীদারদের দ্বারা এবং মানব পাচার (THB) ও শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এর সম্ভাব্য ভিকটিমদের প্রাথমিক সনাক্তকরণের জন্য একটি ব্যবহারিক হাতিয়ার হিসাবে কাজ করার লক্ষ্যে তৈরি করা হয়েছে। ম্যানুয়ালটির লক্ষ্য ফ্রন্টলাইন রেসপন্সার এবং অন্যান্য প্রাসঙ্গিক অনুশীলনকারীদের (আইন প্রয়োগকারী এজেন্ট, শ্রম পরিদর্শক, বেসরকারী সংস্থা, স্বাস্থ্য এবং শিক্ষা পেশাজীবী ইত্যাদি) কাজকে সমর্থন করা, যারা তাদের দৈনন্দিন কাজের সময় সম্ভাব্য এবং প্রকৃত মানব পাচার (THB) এবং/অথবা শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এর শিকার ভিকটিমদের সনাক্ত করতে পারে, এবং পর্যাপ্ত সহায়তা পরিষেবাগুলিতে তাদের রেফার / সুপারিশ করতে পারে।

ম্যানুয়ালটি মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) সংক্রান্ত ঘটনার আইনি সংজ্ঞা প্রদান করে, সেইসাথে আন্তর্জাতিক এবং জাতীয় স্তরে বিদ্যমান প্রাথমিক সনাক্তকরণের জন্য বিদ্যমান সরঞ্জামগুলির (সূচক) উদাহরণ প্রদান করে।
অধিকন্তু, ম্যানুয়ালটিতে চারটি নির্বাচিত দেশে সম্ভাব্য মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-এ আক্রান্তদের প্রাথমিক সনাক্তকরণের জন্য উপযুক্ত, সেক্টর-নির্দিষ্ট সূচকগুলির সেট রয়েছে: বাংলাদেশ, কলম্বিয়া, স্পেন এবং যুক্তরাজ্য (UK)।

## একটি অনলাইন ভিত্তিক মানব পাচার (THB) এবং শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) প্রতিরোধ প্রোগ্রাম ডিজাইন / রূপরেখা প্রণয়ন করুন এবং স্টেকহোল্ডারদের শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE) সম্পর্কিত সংকেতের ব্যাপারে শিশুদের মধ্যে প্রতিক্রিয়ার জন্য প্রতিরোধ এবং অবহেলা ব্যাবস্থা / সংস্থানসহ সরবরাহ করুন



এই কাজটি ইন্টারন্যাশনাল সেন্টার ফর মিসিং অ্যান্ড এক্সপ্লয়েটেড চিলড্রেন (ICMEC) অংশীদারদের দ্বারা পরিচালিত হয় যার লক্ষ্য হল শিশু যৌন নির্যাতন বা শোষণ (CSA/CSE)-কে অনলাইনে প্রতিরোধে সহায়তা করার জন্য একটি শিক্ষামূলক নির্দেশিকা তৈরি করা, যা সাধারণ জনগণ, আইন প্রয়োগকারী, পিতামাতা এবং শিক্ষাবিদদের উপর মনোনিবেশ করে। এই নির্দেশিকাটি শিশুদের সাথে হওয়া অনলাইন ভিত্তিক অপরাধগুলিকে আরও ভালভাবে সনাক্ত ও প্রতিরোধ করতে এবং এই অপরাধগুলির সাথে সম্পর্কিত প্রতিটি ধরণের আচরণের জন্য উপযুক্ত পরিভাষা সম্পর্কে শিক্ষিত করার জন্য মূল স্টেকহোল্ডারদের সক্ষমতা তৈরি করবে। জমা দেওয়া তথ্য-উপাত্ত ভিত্তিক বিতরণযোগ্য রিপোর্ট এপর্যন্ত করা অগ্রগতি ব্যাখ্যা করে এবং গাইডের জন্য বিকশিত রূপরেখা এবং সৃজনশীল সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপন করে।

## বিভিন্ন ধরণের মানব পাচার (THB) এবং যৌন সহিংসতাকে চিহ্নিত করা, হস্তক্ষেপ করা এবং প্রতিরোধ করার বিষয়ে উন্নত প্রশিক্ষণ পাঠ্যক্রম রূপরেখা প্রণয়ন করুন যার মধ্যে রয়েছে অপব্যবহার, আক্রমণ, অনলাইন আবেদন, শিশু যৌন নির্যাতন বা শোষণের উপাদান (CSAM/CSEM)-এর উৎপাদন এবং বিতরণ



এই পাঠ্যক্রমের উদ্দেশ্য হল বিভিন্ন কোর্স, চাহিদা অনুযায়ী ই-লার্নিং এবং ওয়েবিনারের প্রস্তাব করা যাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাড়া দেয়ার ক্ষমতা জোরদার করা যায় এবং ToT-এর মাধ্যমে টেকসই প্রশিক্ষণ সক্ষমতায় অবদান রাখা। সংশ্লিষ্ট পেশাদার এবং স্টেকহোল্ডাররা তালিকাভুক্ত যে কোনও প্রশিক্ষণ নিতে বা এর সম্পরকে জানতে ICMEC এর সাথে যোগাযোগ করতে পারেন।

## টেস্ট কেসগুলোর বাস্তবায়ন এবং বৈধতা



APAV হল এই কাজের প্যাকেজের নেতা যার মূল উদ্দেশ্য হল ইউরোপিয়ান ইউনিয়ন (EU) এবং ল্যাটিন-আমেরিকার আইন প্রয়োগকারী সংস্থা (LEA)-গুলোর পরিচালিত বেশ কয়েকটি পাইলট-কেসের মাধ্যমে HEROES এর প্রণীত টুলস এবং প্রাপ্ত ফলাফলগুলিকে যাচাই করা, যারা বাস্তব পরিবেশে প্রণীত প্রযুক্তিগুলিকে এগিয়ে নিয়ে যাবে। WP9 আইন প্রয়োগকারী সংস্থা (LEA)-দের জন্য উন্নত সরঞ্জামগুলির সাথে বাস্তব অভিজ্ঞতা অর্জনের সুযোগ এবং তাদের এই ধরনের পদ্ধতিগুলি কার্যকরভাবে ব্যবহার করার ক্ষমতা প্রদান করেছে।

এটি অর্জনের জন্য, পাইলট পর্বের জন্য আবশ্যকীয় প্রয়োজনীয়তা এবং তাদের মূল্যায়ন পর্বের জন্য অবদানের সাথে বিবেচনা করে বৈধকরণ পরিকল্পনাটি বর্তমানে তৈরি করা হচ্ছে।
এই বৈধকরণ পরিকল্পনাটি পরবর্তীকালে অন্যান্য কনসোর্টিয়াম অংশীদারদের দ্বারা পর্যালোচনা করা হবে এবং এই ওয়ার্কপ্যাকেজের অবশিষ্ট কাজগুলিকে নির্দেশ করা হবে।

## শিশু অধিকার প্রচার এবং সুরক্ষা: সচেতনতা বৃদ্ধি, শিক্ষা এবং তথ্য



সেন্টার ফর উইমেন অ্যান্ড চিলড্রেন স্টাডিজ হল HEROES প্রকল্পের Task 5.6 এর নেতৃত্বে যা শিশু অধিকারের প্রচার এবং সুরক্ষার সাথে সম্পর্কিত এবং সবচেয়ে কার্যকর উপায় হল সচেতনতা বৃদ্ধি, শিক্ষিত করা এবং নাগরিক সমাজ, শিক্ষক, পিতামাতা, শিশু এবং যুব গোষ্ঠী, সমাজকর্মী, স্থানীয় নেতা, পুলিশ কর্মকর্তা এবং মিডিয়া গ্রুপকে এর সাথে যুক্ত করা। এই প্রেক্ষাপটে, শিশু অধিকারের বিষয়ে প্রচার ও তাদের সুরক্ষার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য মানব পাচারের বিরুদ্ধে বিশ্ব দিবস, ৩০ জুলাই ২০২২-এ রেড হার্ট ক্যাম্পেইন শিরোনামে অনলাইনে সোশ্যাল মিডিয়া প্রচারাভিযান চালু করা হয়েছিল, যেখানে চারজন দেশি-বিদেশি অতিথি বক্তা তাদের বক্তব্য রেখেছিলেন এবং দেশ ও বিদেশ থেকে ৫৯ জন অংশগ্রহণকারী অংশগ্রহণ করেছিলেন।

# বিগত মাসগুলোতে কি কি ঘটেছিলো?

**প্রজেক্টের প্রথম বছরের পুনঃমূল্যায়ন**
**৮ই ডিসেম্বর, ২০২২**

প্রকল্পের প্রথম বছরের অগ্রগতি মূল্যায়ন ও পর্যালোচনাকারীদের পক্ষ থেকে গুরুত্বপূর্ন সুপারিশ গ্রহন করার জন্য প্রকল্পের প্রথম বার্ষিক পুনঃমূল্যায়ন আয়োজন করা হয়েছিলো ব্রাসেলস, বেলজিয়ামে। এই সুপারিশগুলি বিবেচনা করে প্রকল্পের ভবিষ্যত উন্নয়নে তাদের একীভূত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হচ্ছে। একটি যৌথ দৃষ্টিভঙ্গি এবং ক্রমাগত উত্সর্গের সাথে, প্রকল্পটি শিশু যৌন নির্যাতন, শিশু যৌন শোষণ এবং মানব পাচারের মত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে একটি উল্লেখযোগ্য পার্থক্য তৈরি করার পথে এগোচ্ছে।

**ব্যারানকুইলা কার্নিভাল HEROES**
**ফেব্রুয়ারী ১৫, ২০২৩**

হিরোস প্রকল্পের অংশ হিসেবে, মানব পাচার এবং বাণিজ্যিক যৌন ব্যবসা রোধ করার জন্য "ব্যারানকুইলা, শিশু এবং কিশোরদের জন্য সুরক্ষামূলক গেট" কৌশল নিয়ে, কলম্বিয়ার সবচেয়ে গুরুত্বপূর্ণ উৎসব ব্যারানকুইলা 2023-এর কার্নিভালে রেনেসার ফাউন্ডেশনের সদস্যরা উপস্থিত ছিলেন। শোষণ.




**CERIS FCT কর্মশালাঃ**
**শিশু যৌন নির্যাতনের বিরুদ্ধে লড়াইয়ের উপর আলোকপাত**
**ফেব্রুয়ারী ২১, ২০২৩**

UCM, ATHENA রিসার্চ অ্যান্ড ইনোভেশন সেন্টার, VUB, ICMPD এবং KEMEA CERIS FCT কর্মশালায় উপস্থিত ছিলেন যা শিশুদের যৌন নির্যাতন থেকে শিশুদের রক্ষা করার ব্যবস্থা নিয়ে আলোচনা করার জন্য পেশাদার, নীতি নির্ধারক এবং গবেষকদের একত্রিত করেছিল।



**CERIS FCT কর্মশালাঃ**
**ইউরোপের হরাইজনে ইউরোপোলের নতুন ভূমিকা**
**মার্চ ১৪, ২০২৩**

UCM এবং KEMEA থেকে আমাদের অংশীদাররা CERIS FCT কর্মশালায় HEROES প্রকল্পের প্রতিনিধিত্ব করছিলেন, যাতে Horizon Europe-এ Europol এর নতুন ভূমিকার উপর ফোকাস করা হয়েছিল, যার লক্ষ্য ছিল অপরাধ ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে সংশ্লিষ্ট ইউরোপোল এবং চলমান ইউরোপিয়ান ইউনিয়ন (EU) কর্তৃক অর্থায়নকৃত গবেষণা প্রকল্পের প্রতিনিধিদের একত্রিত করা।



**নিরাপত্তার উদ্দেশ্যে, সুযোগ-সুবিধা বৃদ্ধিকরণ এবং ঝুঁকি হ্রাসকরনের জন্য কৃত্রিম বুদ্ধিমত্তার উপর CERIS কর্মশালা**
**মার্চ ২৩, ২০২৩**

TRILATERAL এবং UNIKENT এর সহযোগীরা কর্মশালায় আলোচনা এবং অন্বেষণ করছিলেন যে কীভাবে নিরাপত্তার উদ্দেশ্যে কৃত্তিম বুদ্ধিমত্তা (AI)-এর টুলসগুলি নির্ভরতার সাথে ব্যবহার করা যায়।

# শিশুদের অধিকার সুরক্ষা এবং প্রচার করার জন্য রেড হার্ট ক্যাম্পেইন

## বাস্তবায়নেঃ সেন্টার ফর উইম্যান এন্ড চিলড্রেন স্টাডিইজ (সিডব্লিউসিএস)




ক্যাম্পেইনের উদ্দেশ্য হলো শিশু অধিকার প্রচার করা এবং যৌন নির্যাতন, শোষণ এবং পাচার থেকে শিশুদের রক্ষা করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ থাকা।

তদুপরি, ক্যাম্পেইনের লক্ষ্য হলো শিশু যৌন নির্যাতন, শোষণ এবং পাচারমুক্ত একটি বিশ্ব গড়ে তোলা, যেখানে শিশুরা সুখী, সুস্থ্য এবং নিরাপদে বেড়ে উঠতে পারে।

নির্যাতিত, শোষিত এবং পাচার হওয়া শিশুদের বাঁচাতে আমরা #SaveFACE4Childrenতৈরী করেছি যাতে শিশু অধিকার প্রচার সর্বোত্র ছড়িয়ে দেওয়া যায়, সেই সাথে রেড হার্ট ক্যাম্পেইন এর দৃশ্যমানতা সর্বাধিক কার্যকরি ভাবে বাড়ানোর জন্য ব্যাজ তৈরী করা হয়।

আমাদের ক্যাম্পেইনের খবর বিভিন্ন সেমিনার, কর্মশালা, বিশেষজ্ঞ সভা, সম্মেলন, ইভেন্ট, সুশীল সমাজ, শিক্ষাবিদ, গবেষক এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যাক্তিদের সাথে আলোচনা করা হয়েছে।

সিডব্লউসিএস HEROES প্রকল্পের সংক্ষিপ্ত বিবরণ উপস্থাপনের জন্য স্টেকহোল্ডার মিটিংগুলোতে কনসোর্টিয়ামের নেতৃত্ব এবং এর অংশীদারদের দক্ষতার প্রতি আহবান জানিয়েছে এবং শিশু নির্যাতন ও শোষণের বিষয়টি তুলে ধরেছে।







Tপ্রচার অভিযানকে এগিয়ে নিতে, প্রাসঙ্গিক তথ্য প্রচারের জন্য সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের সাথে যৌন নিপীড়িত, শোষিত এবং পাচার হওয়া শিশুদের অধিকার আদায়ের লক্ষ্যে বৈঠক করা হবে। আন্তর্জাতিক এনজিও, জাতীয় এনজিও, যুবক-যুবতী, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ও অনুষদ সদস্য, সমাজকর্মী, অবিভাবক ও শিক্ষকদের সাথে এবং সবশেষেসারা বাংলাদেশে শিশু অধিকার নিয়ে কাজকরছে এমন তৃণমূল এনজিও এবং সিবিওর সাথে বিশেষ করে গ্রামীন এলাকায় প্রায় ছয়টি স্টেকহোল্ডার মিটিং অনুষ্ঠিত হয়েছে।

যেসকল অংশগ্রহনকারী গন উক্ত মিটিংগুলোতে অংশগ্রহন করেছেন তাদের পূর্ব অভিজ্ঞতা, সম্পর্কিত সমস্যা এবং চ্যালেন্জ গুলি তারা চিহ্নত করেছেন যেখানে শিশু যৌন নির্যাতন, ও পাচার প্রতিরোধ, শিশু সুরক্ষায় প্রবেশাধিকার এবং নির্যাতিত শিশু পুনরুদ্ধার সম্পর্কিত বিষয়গুলো উঠে এসেছে।

# আসন্ন কার্যক্রম

## HEROES কনসোর্টিয়াম মিটিং

**পরিচালনায়:** APAV.

**বিষয়:** কাজের প্যাকেজ উন্নয়নে অগ্রগতি পর্যালোচনা করার জন্য HEROES কনসোর্টিয়াম সভা।

লিসবন, পর্তুগাল

২৬ – ২৪ জুন ২০২৩







## ২০ তম IMISCOE বার্ষিকী সম্মেলন

**পরিচালনায়:** পরিচালনায়: সেন্টার অব মাইগ্রেশন রিসার্চ (সিএমআর), ইউনিভার্সিটি অব অর্স সেন্টার অব এক্সিলেন্স ইন সোসাল সাইন্স (সিইএসএস), ইউনিভার্সিটি অব অয়ারস।

**বিষয়:** বিষয়: মাইগ্রেশন এবং অসমতা। উত্তর ও সমাধানের সন্ধানে।

ওয়ারশ, পোল্যান্ড.

3-6 জুলাই 2023

# HEROES কনসোর্টিয়াম




HEROES কনসোর্টিয়াম ইউরোপিয়ান ইউনিয়ন, আমেরিকা এবং এশিয়া থেকে মোট ১৭ টি দেশের ২৪ টি অংশীদর নিয়ে গঠিত (১১ টি ইউরোপিয়ান দেশ, ১ টি সংশ্লিষ্ট দেশ এবং ৫ টি তৃতীয় বিশ্বের দেশ) এ কনসোর্টিয়াম গঠিত হয়েছে বিভিন্ন অংশীদারদের অন্তর্ভূক্তির মাধ্যমেঃ ৩ টি বিশ্ববিদ্যালয়, ২ টি ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ, ৩ টি গবেষণা ও প্রযুক্তি সংস্থা, ৬ টি আইন প্রয়োগকারী সংস্থা, ১ টি আন্তর্জাতিক সংস্থা, ৮ টি এনজিও এবং ১ টি সরকারী সংস্থা।

HEROES কনসোর্টিয়াম সারা বিশ্বের মনোবিজ্ঞানী, সমাজবিজ্ঞানী, আইনজীবি, সমাজকর্মী, সাস্থ্যকর্মী, সফ্টওয়ার উন্নয়কারী এবং কম্পিউটার নিরাপত্তা ও ফরেনসিক বিশেষজ্ঞদের দক্ষতাকে একত্রিত করা হয়েছে একটি সাধারন লক্ষ্যেঃ
অপরাধের বিরুদ্ধে লড়াই করা এবং মানব পাচার ও শিশু যৌন নির্যাতনের শিকার বা ভুক্তভোগীদের সহযোগিতা করা।

## প্রকল্প সমন্বয়কারী


Luis Javier García Villaba
Universidad Complutense de Madrid (**UCM**)
Email: javierv@ucm.es


## আপনি কি জানেন, যে আপনি এই নিউজলেটার গ্রহনকারীদের মধ্যে প্রথম হতে পারেন?

### এখানে নিউজলেটার জন্য সাইন আপ করুন:

সাইন-আপ ফর্মটি প্রকল্পের অফিসিয়াল ওয়েবসাইট থেকে পাওয়া যাবে: **https://heroes-fct.eu**.


এই প্রকল্পটি অনুদান চুক্তি নং ১০১০২১৮০১ এর অধীনে ইউরোপীয় ইউনিয়নের Horizon-২০২০ গবেষণা এবং উদ্ভাবন প্রোগ্রাম থেকে অর্থায়ন পেয়েছে।



এখানে প্রকাশিত বিষয়বস্তু প্রকাশকদের একমাত্র দায়িত্ব এবং এটি অগত্যা ইউরোপীয় কমিশন বা এর পরিষেবাগুলির দ্বারা প্রকাশিত মতামতের প্রতিনিধিত্ব করে না।


heroes@ucm.es @heroes_fct https://linkedin.com/in/heroes-fct https://www.youtube.com/@heroes_fct



Novel Strategies to FigHt Child Sexual Exploitation and Human TRafficking Crimes and PrOtect thEir VictimS

# HEROES

**Follow us:**

www.heroes-fct.eu

@heroes_fct

heroes@ucm.es

https://linkedin.com/in/heroes-fct

**This project has received funding from the European Union's Horizon 2020 research and innovation programme under grant agreement No 101021801**